

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মৌসুমি ফল উৎসব

পিরোজপুর প্রতিনিধি

০৩ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মঞ্চ



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পিবিপ্রবি) প্রথমবারের মতো মৌসুমি ফল উৎসব অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে এ ফল উৎসবের আয়োজন করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আম, কাঁঠাল, আনারস, আমড়া, পেয়ারা, পেঁপে, কলা, ড্রাগন, লটকন, করমচা, সফেদা, কামরাঙ্গা কাউফল, ডেউয়াসহ প্রায় অর্ধশত বিভিন্ন প্রজাতির দেশী ফলের সমাহার ছিল উৎসবে। শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় সাংবাদিকরা অনুষ্ঠানে উপস্থিত হয়ে এসব ফলের সঙ্গে পরিচিত হওয়ার পাশাপাশি স্বাদ গ্রহণ করেন। সবার সম্মিলিত ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণ উৎসবমুখর হয়ে ওঠে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, ইতিহাস, ঐতিহ্য ও প্রকৃতির প্রতি ভালোবাসার এক অনন্য দৃষ্টান্ত আমাদের এই ফল উৎসব। বাংলাদেশ এক অপার সন্তাননার দেশ। এ দেশের মাটি অনেক উর্বর। এ দেশের মাটিতে কয়েকশ প্রজাতির মৌসুমি ফল উৎপাদন হয়। কিন্তু অনেক ফলের সঙ্গেই আমাদের বর্তমান প্রজন্মের পরিচয় নেই। এসব ফলের সঙ্গে তাদের পরিচয় করিয়ে দিতেই মূলত আমাদের এ আয়োজন।